



বীর শহীদ

মো: জসিম

জন্ম তারিখ:

২৮ নভেম্বর, ১৯৮৯

শাহাদাতের তারিখ:

২১ জুলাই, ২০২৪

বিভাগ:

ঢাকা সিটি

জেলা:

ঢাকা

শহীদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত

পেশা : অটোরিকশা চালক,

শাহাদাতের স্থান : গোয়ালবাড়ি মোড় শাহী মসজিদ, যাত্রাবাড়ী

শাহাদাতের বিস্তারিত ঘটনা ও ইতিহাস

মো: জসিম ১৯৮৯ সালের ২৮ নভেম্বর ঢাকায় জন্মগ্রহণ করেন। তার পিতার নাম জহির ও মাতার নাম ফিরোজা বেগম। এক সন্তানের জনক জসিম পেশায় ছিলেন একজন অটোরিকশা চালক। ছোট বেলায় বাবা মারা যাওয়ায় কাঁধে তুলে নিতে হয় মা আর ছোট ভাইয়ের দায়িত্ব। ফলে লেখাপড়া করার ভাগ্য হয়নি তার। শহীদ জসিম বাল্যকাল থেকেই মার্জিত ও বিনয়ী ছিলেন। একজন নামাজি ও পরহেজগার ব্যক্তি হিসেবে সুনাম ছিল তার।

যেভাবে শাহাদাতের সুখা পান করলেন

২১ জুলাই ২০২৪। দিনটি ছিলো রবিবার। সারা দেশে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ঘোষিত 'কমপ্লিট শাউডাউন' চলছে। স্বৈরাচার সরকার কারফিউ জারি করে। পুরো দেশের পরিস্থিতি খমখমে। পুলিশ ও আওয়ামী সন্ত্রাসী বাহিনীর তাওবে জনজীবনে ব্যাপক নিরাপত্তাহীনতা নেমে আসে। তবুও তা শহীদ জসিমকে মসজিদে যাওয়া থেকে ফেরাতে পারেনি। ছাত্র আন্দোলনের একটি গুরুত্বপূর্ণ পয়েন্ট ছিল যাত্রাবাড়ী। সেখানকার গোয়ালবাড়ি মোড় শাহী মসজিদে মাগরিবের নামাজ পড়তে গিয়েছিলেন তিনি।

নামাজ শেষে মুসল্লিরা মসজিদ থেকে বের হলেই আগে থেকে ওঁৎ পেতে থাকা পুলিশ, ছাত্রলীগ, যুবলীগসহ আওয়ামী লীগের সন্ত্রাসী বাহিনী অতর্কিত গুলি বর্ষণ শুরু করে। গুলিবিদ্ধ হয়ে মাটিতে লুটিয়ে পড়েন জসিম। ঘটনাস্থলেই শাহাদাৎ বরণ করেন।

জসিমের শাহাদাতে পরিবার, আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব ও প্রতিবেশীদের মধ্যে নেমে আসে শোকের ছায়া। তার এমন আকস্মিক মৃত্যু যেন কেউ মেনে নিতে পারছে না। জানাজা শেষে দনিয়া পঞ্চায়েত কবরস্থানে তাকে চিরদিনের জন্য শায়িত করা হয়।

শহীদ সম্পর্কে বক্তব্য/অনুভূতি

“জসিমের সাথে এলাকার কারও শত্রুতা নেই। সদা হাস্যজ্জ্বল একজন ব্যক্তি ছিলেন। আমি তাকে কখনও কারো সাথে দুর্ব্যবহার করতে দেখিনি।” হিরা আক্তার (শহীদের ভাবী)

পারিবারিক অবস্থা

শহীদ মো: জসিম ছিলেন তার পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। তিনি অটোরিকশা চালিয়ে দৈনিক গড়ে ৫০০ টাকা রোজগার করতেন। তার মৃত্যুতে বিপাকে পড়েছেন তার স্ত্রী।

শহীদ জসিমের জীবন আহমেদ নয়ন (২০) নামে একজন ছেলে আছে। জীবন ফুড ডেলিভারি প্রতিষ্ঠানে চাকুরী করে পরিবারের হাল ধরার চেষ্টা করছে।

সহযোগিতার জন্য প্রস্তাবনা

স্থায়ী বাসস্থান, সন্তানের কর্মসংস্থান এবং স্ত্রীকে মাসিক বা এককালীন অর্থসহায়তা দেওয়া প্রয়োজন।

ব্যক্তিগত প্রোফাইল

শহীদের পূর্ণনাম : মো: জসিম

জন্ম : ২৮ নভেম্বর, ১৯৮৯, ঢাকা

শহীদের পেশা : অটোরিকশা চালক

পিতা : জহির (মৃত)

মাতা : ফিরোজা বেগম (৬০)

স্ত্রী : গৃহিণী

স্থায়ী ও বর্তমান ঠিকানা : বাড়ি নং ৫৭০, দনিয়া বাজার, কদমতলী, ঢাকা

শহীদের সন্তান : ১ ছেলে

: জীবন আহমেদ নয়ন (২০), ফুড ডেলিভারি ম্যান

পবিত্র কুরআনের বাণী

আর যারা আল্লাহর পথে নিহত হয়েছে তাদেরকে মৃত বলো না; বরং তারা জীবিত; কিন্তু তোমরা উপলব্ধি করতে পার না। (সূরা আল-বাকারা ২:১৫৪)

হাদীস শরীফ

রাসুলুল্লাহ (সা.) বলেছেন, “শহীদদের জন্য জান্নাতে ৭০ জন আত্মীয়ের জন্য সুপারিশ করার অধিকার থাকবে।” (সুনান আবু দাউদ ২৫২০)

দোয়া পাঠ: 0 জন

শহীদের স্মৃতিচিত্র ও ফটো গ্যালারি

[illegible]